# Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 01 June, 2025

তামাক কোম্পানির কূটকৌশল উন্মোচন করি, তামাক ও নিকোটিনমুক্ত বাংলাদেশ গড়ি' এ প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় নানা আয়োজনের মধ্য দিয়ে বিশ্ব তামাক মুক্ত দিবস উদযাপিত হয়েছে।এ উপলক্ষ্যে শনিবার (৩১ মে) সকাল সাড়ে ১০ টায় জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বেলুন উড়িয়ে কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম।এরপর বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়।

তারপর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অতিরিক্ত জেলা প্রশাসক শারমিন আক্তারের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।এতে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল  ইসলাম।বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার  খন্দকার গোলাম মওলা, সিভিল সার্জন ডা. হাদী জিয়া উদ্দিন আহমেদ, অধ্যাপক সিদ্দিকুর রহমান ,  জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বদরুল আলম, এনজিও প্রতিনিধিসহ বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ।

আলোচনা সভা শেষে তামাক বিরোধী রচনা প্রতিযোগীতায় বিজয়ী ৩ জন শিক্ষার্থীদের মাঝে পুরস্কার তুলে দেন প্রধান অতিথিসহ উপস্থিত অতিথিবৃন্দ।

তামাক কোম্পানি নিকোটিনমুক্ত বাংলাদেশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:47

URL: https://www.timestodaybd.com/across-the-country/3217253033